দৈনিক সংবাদ

তারিখ 07 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৬

186

# বইমেলা উদ্বোধন নিয়ে মুখোমুখি ছাত্রলীগ-ছাত্রদল ঃ ক্যাম্পাসে উত্তেজনা, জোর নিরাপত্তা

নিজস্ব বার্তা পরিবেশক ।। বাংলা একাডেমিতে বইমেলা উদ্বোধন নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। বইমেলা উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রীর আগমনকে স্বাগত জানিয়ে ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে মিছিল সমাবেশ করেছে, প্রধানমন্ত্রীর আগমন প্রতিহত করার ঘোষণা দিয়ে পাল্টা মিছিল করেছে ছাত্রদল। বাংলা একাডেমিসহ ক্যাম্পাস এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। বাংলা একাডেমি কর্তৃপক্ষ জানিয়েছে, ঘোষিত কর্মসূচি অনুযায়ীই সব হবে।

গতকাল সারাদিন ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রদল ছিল মুখোমুখি অবস্থানে। গতকাল বিকেলে কলাভবন এলাকায় মিছিল করে ছাত্রদলের কর্মীরা বাংলা একাডেমির দিকে যেতে চাইলে কলাভবনের দক্ষিণ গেটে পুলিশ তাদের বাধা দেয়। এসময় রাস্তাজুড়ে কয়েকশ' পুলিশ মিছিলটি ঘেরাও করে রাখে। পরে ছাত্রদল অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে।

সমাবেশে আজ প্রধানমন্ত্রীর বাংলা একাডেমিতে আগমন প্রতিহত করা হবে বলে ঘোষণা দেয়া হয়। ছাত্রলীগ একই সময় ডাকসু ভবনের সামনে প্রধানমন্ত্রীর আগমনকে স্বাগত জানিয়ে সমাবেশ করে। সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ ছাত্রদলকে প্রধানমন্ত্রীর আগমন প্রতিরোধ পরিকল্পনা পরিহারের আহ্বান জানায়। প্রধানমন্ত্রীর বাংলা একাডেমিতে আগমন উপলক্ষে গতকাল সকাল থেকেই ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। ডিএমপি'র কমিশনার মাহমুদ আল ফরিদ জানান, প্রধানমন্ত্রীর আগমনে সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। সূত্র জানায়, শাহবাগ, দোয়েল চত্বর, চানখাঁরপুল, পলাশি, নীলক্ষেত, বাংলা একাডেমি ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় কমপক্ষে ১ হাজার পুলিশ মোতায়েন করা হয়েছে। ক্যাম্পাসে গতকাল সকাল থেকেই সাদা পোশাকধারী পুলিশের ব্যাপক তৎপরতা লক্ষ্য করা গেছে।

গতকাল বিকেলে পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসীম উদ্দীন হল, জিয়া হল ও বঙ্গবন্ধু হলসহ আশপাশের বস্তিতে তল্লাশি চালায়। তবে কাউকে গ্রেফতার বা অস্ত্র উদ্ধার হয়নি।

গতকাল দুপুর থেকে পুলিশ বাংলা একাডেমি ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার বিভিন্ন রাস্তায় বাস, প্রাইভেটকার ও স্কুটার থামিয়ে ব্যাপক তল্লাশি শুরু করে। তল্লাশি প্রধানমন্ত্রীর আগমন পর্যন্ত চলবে।

পুলিশের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, আজ সকাল থেকে বাংলা একাডেমি ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় রাস্তায় যেকোন ধরনের যানবাহন চলাচল বন্ধ করে দেয়া হবে। বিশ্ববিদ্যালয় ও বাংলা একাডেমি এলাকায় কোন ধরনের মিছিল বা সমাবেশ করতে দেয়া হবে না।